# ট্রাম্প–পুতিন বৈঠক: কোনো সমঝোতা নয়, আলোচনায় সম্ভাবনার ইঙ্গিত




সংগৃহীত ছবি

আলাস্কার অ্যাঙ্করেজে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের বৈঠক বড় কোনো চুক্তি ছাড়াই শেষ হয়েছে। তবে উভয় নেতা আলোচনাকে ইতিবাচক আখ্যা দিয়ে জানিয়েছেন, ইউক্রেন যুদ্ধ বন্ধ ও দ্বিপাক্ষিক সম্পর্ক পুনর্গঠনের সম্ভাবনা এখনও উজ্জ্বল।

আলাস্কার সামরিক ঘাঁটিতে অনুষ্ঠিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের বহুল প্রত্যাশিত বৈঠক শেষ হয়েছে কোনো আনুষ্ঠানিক চুক্তি ছাড়া। বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে ট্রাম্প বলেন, ইউক্রেন যুদ্ধ বন্ধে তারা এখনও ঐকমত্যে পৌঁছাতে পারেননি, তবে আলোচনার ফল ইতিবাচক এবং ভবিষ্যতের জন্য ভালো সম্ভাবনা তৈরি হয়েছে।

পুতিনও আশাবাদ ব্যক্ত করে জানান, আলোচনায় যেসব বিষয়ে তারা একমত হয়েছেন, সেখান থেকেই ইউক্রেন সংকট সমাধান ও যুক্তরাষ্ট্র–রাশিয়া সম্পর্ক পুনর্গঠনের পথ খুলে যেতে পারে। তিনি বাণিজ্য ও বিনিয়োগ ক্ষেত্রে নতুন সুযোগ সৃষ্টির কথাও উল্লেখ করেন। যদিও কোন বিষয়গুলোতে ঐকমত্য হয়েছে তা বিস্তারিত জানাননি।

উল্লেখ্য, এটি ছিল ট্রাম্প ও পুতিনের সপ্তম বৈঠক। এ সময় ট্রাম্পের সঙ্গে ছিলেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ও বিশেষ দূত স্টিভ উইটকফ। অন্যদিকে, পুতিনের সঙ্গে ছিলেন রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ ও প্রেসিডেন্টের মুখপাত্র ইউরি উশাকভ।